**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 09-10-2025** | **Desk in Charge : SDG**
**Time : 7.35 A.M.** | **Compiling : Priya B.**
**DEO : KB** | **NR : Priya B.**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনীর প্রস্তুতিতে এরাজ্যে ভোটার তালিকা ম্যাপিং-এর কাজ দ্রুত শেষ করতে বলেছে নির্বাচন কমিশন। #নির্বাচন কমিশনের প্রতিনিধি দল, আজ কোলাঘাটে পূর্ব মেদিনীপুর, ঝাড়গ্রাম ও বাঁকুড়ার পাঁচশোরও বেশি বুথের, BLOদের নিয়ে বৈঠক করবেন।

২/ উত্তরবঙ্গের ত্রাণ বিলি করতে গিয়ে বিজেপি সাংসদ ও বিধায়কের ওপর হামলার ঘটনার দুদিন পর দুজনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

৩/ উত্তরবঙ্গের সামগ্রিক পরিস্থিতি নিয়ে রাজ্যপাল CV আনন্দ বোস রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে কথা বলেছেন।

৪/ দক্ষিণবঙ্গের একাধিক জেলায় আজ বজ্রবিদ্যুৎ সহ বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

৫/ কাফ সিরাপের গুণগত মান নিয়ে ওষুধ প্রস্তুতকারী সংস্থাগুলিকে চিঠি দিয়েছে রাজ্য স্বাস্থ্য দফতর।

৬/ মোহনবাগান সুপার জায়ান্ট আজ IFA শিল্ড ফুটবল প্রতিযোগিতায় গোকুলাম কেরালা এফ সি-র মুখোমুখি হবে।

*******************************************************************************

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন SIR –এর প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের প্রতিনিধি দল, আজ কোলাঘাটে পূর্ব মেদিনীপুর, ঝাড়গ্রাম ও বাঁকুড়ার পাঁচশোরও বেশি বুথের, 'বুথ লেভেল আধিকারিক'-BLOদের নিয়ে বৈঠক করবেন।

গতকাল উত্তর ২৪ পরগণার রাজারহাট জেলা পরিষদ অডিটরিয়ামে তাঁরা রাজারহাট–নিউটাউন এবং রাজারহাট–গোপালপুর বিধানসভা কেন্দ্রের নির্বাচনী কাজে যুক্ত সব আধিকারিক ও বিএলও-দের নিয়ে বৈঠক করেন। এরপর জেলাশাসকের দপ্তরে ERO এবং AERO-দের সঙ্গে পৃথক বৈঠক হয়।

পরে বারাসতে উত্তর ২৪ পরগণার ৩২ টি বিধানসভা কেন্দ্রের ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার-সহ ভোটের কাজে যুক্ত সব আধিকারিকদের নিয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। এর আগে সকালে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে উত্তরবঙ্গের পাঁচ জেলা বাদে বাকি সমস্ত জেলার জেলাশাসক, ERO ও AERO-দের সঙ্গে বৈঠক করেন কমিশনের সিনিয়র ডেপুটি কমিশনার জ্ঞানেশ ভারতী। সেখানে আগামী সাত দিনের মধ্যে SIR এর প্রস্তুতিতে রাজ্যের ভোটার তালিকা ম্যাপিংয়ের কাজ দ্রুত শেষ করতে নির্দেশ দেন তিনি। ২০০২ সালের ভোটার তালিকাকে ভিত্তিবর্ষ ধরে ২০২৫ সালের তালিকার সঙ্গে ভোটারদের অস্তিত্ব যাচাইয়ের কাজ অনেক জেলাতেই মন্থরগতিতে চলার অভিযোগ নিয়ে এদিনের বৈঠকে আলোচনা হয়। কমিশনের তথ্যপ্রযুক্তি বিভাগের ডিজি সীমা খান্না বৈঠকে স্পষ্ট জানান, BLO-দের প্রযুক্তি নির্ভরতা এখনও সন্তোষজনক নয়। দ্রুত প্রশিক্ষণ শেষ করার নির্দেশ দিয়েছেন তিনি।

*********************

এদিকে, উৎসবের মধ্যে SIR-এর কাজ দ্রুততার সঙ্গে কিভাবে সম্পন্ন করা যাবে সেই প্রশ্ন তুলেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

অন্যদিকে, রাজ্যে SIR-এর প্রয়োজনীয়তা নিয়ে ফের সরব হয়েছেন বিরোধী দলনেতা **শুভেন্দু** অধিকারী।

( বাইট- শুভেন্দু )

প্রদেশ কংগ্রেস সভাপতি **শুভঙ্কর** সরকার সাংবিধানিক আইন মেনে SIR কর্মসূচি সম্পন্ন করার জন্য নির্বাচন কমিশনের প্রতি আবেদন জানিয়েছেন। কলকাতার মৌলালি যুব কেন্দ্রে গতকাল বিধানসভা ভিত্তিক দলের বুথ লেভেল এজেন্টদের নিয়ে কর্মশালা শেষে এক সাংবাদিক বৈঠকে শ্রী সরকার বলেন, যোগ্য ভোটারের নাম কোনোভাবেই যাতে তালিকা থেকে বাদ না পড়ে তা নিশ্চিত করা প্রয়োজন।

*********************

উত্তর মালদার বিজেপি সাংসদ খগেন মুর্মু এবং শিলিগুড়ির বিধায়ক শঙ্কর ঘোষের উপর হামলার ঘটনার দু'দিন পর দু জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। জলপাইগুড়ির পুলিশ সুপার জানিয়েছেন, নাগরাকাটা থেকে এই দুজনকে গ্রেপ্তার করা হলেও আরো দুজন এখনও পলাতক। তাদের খোঁজে তল্লাশি চলেছে। ধৃতদের রাজনৈতিক পরিচয়ের বিষয়ে এখনও পুলিশ কিছু জানায়নি।

উল্লেখ্য, গত সোমবার বিপর্যস্ত এলাকায় ত্রাণ বণ্টনে গিয়ে খগেন মুর্মু ও শঙ্কর ঘোষ দুষ্কৃতী হামলার মুখে পড়েন।

*********************

সংসদ ও সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী **কিরেণ রিজিজু** গতকাল দার্জিলিং পাহাড়ের বিজনবাড়ি ব্লকের দুর্যোগ কবলিত এলাকা পরিদর্শন করেন। ক্ষতিগ্রস্তদের সঙ্গে কথাও বলেন তিনি। সঙ্গে ছিলেন সাংসদ রাজু বিস্তা। পরিস্থিতি খতিয়ে দেখার পর, বিস্তারিত রিপোর্ট জমা দেওয়া হবে বলে শ্রী রিজিজু জানান। মন্ত্রী বলেন, কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের সঙ্গে

সমন্বয় রেখে ত্রাণ এবং পুনর্বাসনের কাজে সাহায্য করছে। প্রাকৃতিক দুর্যোগে যারা প্রাণ হারিয়েছেন তাদের প্রতিও শ্রদ্ধা জানান তিনি।

( বাইট- রিজিজু )

এদিকে, বিজেপি নিয়ন্ত্রণাধীন পঞ্চায়েতগুলিতে প্রধানদের হাতে প্রশাসনের তরফে কোনরকম ত্রাণ সহায়তা দেওয়া হচ্ছে না বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী **সুকান্ত** মজুমদার অভিযোগ করেছেন। গতকাল উত্তরবঙ্গে বন্যা কবলিত বিভিন্ন এলাকা পরিদর্শনের পাশাপাশি ত্রাণ সামগ্রী বন্টন করেন তিনি।

নাগরাকাটায় দলীয় সাংসদ ও বিধায়কের ওপর আক্রমণের তীব্র নিন্দা করে সুকান্তবাবু বলেন, পুলিশ অবিলম্বে অভিযুক্তদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা না নিলে আগামী এক মাসের মধ্যে তাদের বিরুদ্ধে পদক্ষেপ নেওয়া হবে।

বিজেপি নেতা **রাহুল সিন্‌হা** অভিযোগ করেছেন, উত্তরবঙ্গে পরিস্থিতি সামাল দিতে রাজ্য সরকার সম্পূর্ণ ব্যর্থ। গতকাল সল্টলেকের দলীয় কার্যালয়ে সাংবাদিকদের কাছে তিনি অভিযোগ করেন, ধূপগুড়িতে মেয়াদ উত্তীর্ণ জুস সরবরাহ করেছে রাজ্য সরকার। কেন্দ্রের কোনো সাহায্য মিলছে না বলে মুখ্যমন্ত্রী যে অভিযোগ করেছেন, তা' খারিজ করে তিনি বলেন, বিভিন্ন খাতে কেন্দ্রীয় সরকার ইতোমধ্যেই রাজ্যকে এক হাজার ৩০০ কোটি টাকার বেশী দিয়েছে।

এদিকে, উত্তরবঙ্গের চার জেলায় সাম্প্রতিক বিপর্যয়ে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে-৩১ । দুর্যোগের পর থেকে নিখোঁজ একাধিক ব্যক্তির দেহ উদ্ধার হয়েছে। ভেঙে পড়া একাধিক সেতু মেরামতির কাজ চলছে। ত্রাণ ও পুনর্বাসনের কাজ'ও চলছে জোরকদমে।

*********************

উত্তরবঙ্গে একটানা বৃষ্টিতে বন্যায় বিভিন্ন চা বাগানে একশো কোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে চা ব্যবসায়ীদের সংগঠন 'টি অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়া' জানিয়েছে।

সংগঠনের উত্তরবঙ্গের সম্পাদক সুমিত ঘোষ জানিয়েছেন, ৪০০ হেক্টর চা বাগানের জমি জলে ধুয়ে গেছে। শুধুমাত্র ডুয়ার্সেই ১৪ কোটি টাকার ক্ষতি হয়েছে বলে তাঁর দাবি। মেচপাড়া, নাগরাকাটা, চ্যাংমারির মত ৪০টি চা বাগান ছাড়াও বাগানের কারখানা ও যন্ত্রাংশের ব্যাপক ক্ষতি হয়েছে বলে সংগঠনের দাবি।

*********************

সাম্প্রতিক প্রাকৃতিক দুর্যোগে উত্তরবঙ্গের চার জেলায় ফসলের ব্যাপক ক্ষয়ক্ষতির আশঙ্কা তৈরি হয়েছে। এখনো পর্যন্ত সামগ্রিক পর্যালোচনা সম্ভব না হলেও প্রাথমিক সমীক্ষায় শাকসবজি নষ্টের ইঙ্গিত মিলেছে। ধান ও ভুট্টা চাষেরও ক্ষতি হয়েছে। প্রাথমিক সমীক্ষা অনুযায়ী প্রাকৃতিক দুর্যোগে ১৮ হাজার ৪৫২ হেক্টরের বেশি কৃষিজমি জলের তলায় চলে গিয়েছে। সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্থ জলপাইগুড়ি। সেখানে প্রায় ১৩ হাজার ৯৫৩ হেক্টর জমি প্লাবিত। আলিপুরদুয়রে ৩ হাজার ৪৯৫ হেক্টর, দার্জিলিংয়ে ৫৮২ হেক্টর ও কোচবিহারে ৪২২ হেক্টর কৃষিজমি জলমগ্ন হয়েছে। কৃষকদের ক্ষতি কমাতে রাজ্য সরকার উত্তরবঙ্গের দুর্গত জেলাগুলিতে বাংলা শস্য বিমা প্রকল্পে নাম নথিভুক্তির জন্য বিশেষ শিবির চালু করেছে। কৃষি দপ্তরের আধিকারিকরা মাঠে নেমে চাষিদের সঙ্গে কথা বলে বিমায় যুক্ত করছেন। মুখ্যমন্ত্রীর নির্দেশে এদিন সকালেই উত্তরবঙ্গে পৌঁছেছেন পঞ্চায়েতমন্ত্রী তথা কৃষি বিশেষজ্ঞ প্রদীপ মজুমদার। তিনি ক্ষতিগ্রস্ত এলাকা ঘুরে কৃষিক্ষেত্রের ক্ষতির বিস্তারিত রিপোর্ট দেবেন। এছাড়াও সাধারণ মানুষের কাছে ন্যায্য মূল্যে শাকসবজি পৌঁছে দিতে কৃষি বিপণন দপ্তর অতিরিক্ত ২৯টি চলমান সুফল বাংলা স্টল চালু করেছে। সুফল বাংলার বিভিন্ন কেন্দ্র থেকে ১৫০ কুইন্টাল আলু পাঠানো হয়েছে দুর্গত এলাকার রিলিফ ক্যাম্পে, পাহাড়ি ক্যাম্পগুলিতেও পৌঁছে দেওয়া হয়েছে খাদ্যসামগ্রী।

*********************

দক্ষিণ বাংলাদেশ ও সংলগ্ন এলাকায় তৈরি ঘূর্ণাবর্ত এবং রাজ্যে বর্ষা সক্রিয় থাকায় আজও দক্ষিণ বঙ্গের অনেক জেলাতেই বজ্রবিদ্যুৎ সহ বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

উত্তর ও দক্ষিণ ২৪ পরগণা, হাওড়া, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম ও বাঁকুড়া জেলায় দমকা হাওয়া এবং বজ্র বিদ্যুৎসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

উত্তরবঙ্গে দু'এক জায়গায় হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে।

এদিকে, আগামীকাল উত্তর বঙ্গোপসাগরে একটি ঘূর্ণাবর্ত তৈরির সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছেন আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস।

( বাইট- হাবিবুর )

********************

কাফ সিরাপের গুণগত মান নিয়ে ওষুধ প্রস্তুতকারী সংস্থাগুলিকে চিঠি দিয়েছে রাজ্য স্বাস্থ্য দফতর। চিঠিতে জানানো হয়েছে, সিরাপ তৈরীর জন্য উপাদানগুলি সঠিক জায়গা থেকে কিনতে হবে। বাধ্যতামূলকভাবে যাচাই করতে হবে উপাদানগুলির মান। সংস্থাগুলিকে তার রিপোর্ট পাঠাতে হবে ড্রাগ কন্ট্রোল বিভাগকে ।

এদিকে, বাজারে নতুন কোন ওষুধ ছাড়ার আগে তার যথাযথ পরীক্ষা ও গুণমাণ যাচাই-এর জন্য কেন্দ্রীয় সরকার রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির ঔষধ নিয়ন্ত্রক বিভাগগুলিকে নির্দেশ দিয়েছে। স্বাস্থ্য পরিষেবা বিষয়ক মহানির্দেশকের দফতর থেকে জারি হওয়া এক চিঠিতে বলা হয়েছে, ওষুধ পরীক্ষার সময় নির্মাতাদের যথাযথ নির্দেশ মেনে চলতে সচেতন করতে হবে। ওষুধ উৎপাদকরা যাতে কাঁচমাল সংগ্রহের সময় সরবরাহকারীর যোগ্যতামান সঠিকভাবে যাচাই করে তার ওপরেও বিশেষ জোর দেওয়া হয়েছে।

উল্লেখ্য, মধ্যপ্রদেশের ছিন্দওয়াড়ায় সম্প্রতি কাশীর সিরাপ খেয়ে শিশু মৃত্যুর অভিযোগের প্রেক্ষিতেই এই নির্দেশ বলে মনে করা হচ্ছে।

*********************

স্তন ক্যান্সার সম্পর্কে আরও বেশি করে মানুষকে অবহিত করতে এমাসের পয়লা থেকে গোটা অক্টোবর, বিশ্বজুড়ে উদযাপিত হচ্ছে স্তন ক্যান্সার সচেতনতা মাস। এই রোগে আক্রান্তদের সাহায্য করা এবং গবেষণার কাজে অর্থ সংগ্রহ এই প্রচারাভিযানের অন্যতম উদ্দেশ্য। যেকোনোরকম সমস্যার সম্মুখীন হলে ভয় না পেয়ে চিকিৎসকের পরামর্শ নিতে বলছেন বিশেষজ্ঞরা।

(একটি প্রতিবেদন- ভিসি অভিজিৎ )

*********************

মোহনবাগান সুপার জায়ান্ট আজ ১২৫ তম IFA শিল্ড ফুটবল অভিযান শুরু করবে। প্রতিপক্ষ গোকুলাম কেরালা এফ সি। কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে বিকেল তিনটেয়। গতকালের উদ্বোধনী ম্যাচে কল্যাণী স্টেডিয়ামে ইস্টবেঙ্গল ৪-০ গোলে শ্রীনিধী ডেকান এফ সি-কে হারিয়ে দেয়।

**********************************************************************